



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮০৪.১৫- ৩৯৮৮

তারিখঃ ২৪/১০/২০১৬ খ্রিঃ

জনাব মোঃ আশরাফুল ইসলাম,  
হিসাব সহকারী, ইরেসপো  
উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর।  
বিআরডিবি।

বিষয়ঃ হিসাব সংরক্ষনে অনিয়মের বিষয়ে কৈফিয়ত তলব।

সূত্রঃ স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮০৪.১৫- ৩৯৮২, তারিখঃ ২৩/১০/২০১৬ খ্রিঃ

উর্পর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের আওতাধীন মনিরামপুর উপজেলার যশোর জেলায় আপনি হিসাব সহকারী হিসেবে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে অভিযোগ, আপনি হিসাব সংরক্ষনে ভুল পোষ্টিং ও অনিয়ম করেছেন। যার কারণে দাপ্তরিক কাজে অবহেলা ও গাফিলতি পরিলক্ষিত হয়েছে এবং ফলশ্রুতিতে হিসাব যথাযথভাবে সংরক্ষনে ব্যর্থ হওয়ায় অদক্ষ কর্মচারী হিসেবে বিবেচনা করে সূত্রে বর্ণিত স্মারক মূলে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার দাপ্তরিক কাজে অবহেলা ও গাফিলতি এবং হিসাব যথাযথভাবে সংরক্ষনে কেন ব্যর্থ হয়েছেন তার সন্তোষজনক জবাব আগামী ৭ কর্মদিবসের মধ্যে প্রকল্প পরিচালকের বরাবরে দাখিলের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আপনাকে প্রকল্পের চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে।

  
আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা  
ফোন-৮১৮০১৪৩-১০৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, যশোর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।